পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্টেশন ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট,
আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, শাহজাদপুর, সিরাজগঞ্জ-৬৭৭০

এবং

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ – জুন ৩০,২০২১

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬-৮ |
| সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms) | ৯ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতি | ১০ |

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

স্টেশন ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট,
আঞ্চলিক কেন্দ্র,
বাঘাবাড়ী, সিরাজগঞ্জ-৬৭৭০

এবং

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা এর মধ্যে ২০২০ সালের .................... মাসের .................... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

Shiha

# বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the BLRI Regional Station)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

**সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ**

বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, প্রতিষ্ঠালগ্ন থেকেই মাঠ পর্যায়ে বিভিন্ন গবেষণা কার্যক্রম ও প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে খামারীদের প্রশিক্ষণ ও কারিগরি পরামর্শসহ বিভিন্ন কার্যক্রম সফলতার সাথে বাস্তবায়ন করে আসছে। বিগত ৩ বছরে উক্ত কেন্দ্র হতে ১১ টি গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। রাজস্ব বাজেট থেকে ৫১১ জন খামারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রায় ২৭ লক্ষের অধিক উচ্চফলনশীল নেপিয়ার ঘাসের কাটিং খামারীদের মাঝে বিতরণ করা হয়েছে। উক্ত কেন্দ্রের প্রাণীস্বাস্থ্য ও প্রাণীপুষ্টি গবেষণাগারের মাধ্যমে প্রায় ৩২১৮ টি বিভিন্ন ধরনের নমুনা (গোবর, রক্ত, প্রস্রাব এবং খাদ্য উপাদান) পরীক্ষাপূর্বক প্রতিবেদন প্রদান করা হয়েছে। গত ২০১৯-২০২০ অর্থ বছরে মোট ১০,৫৭,৫,০০ টি উন্নত জাতের ফডার কাটিং সিরাজগঞ্জ ও পাবনা জেলার খামারীদের মাঝে বিতরণ করা হয়েছে। ফলশ্রুতিতে, এই এলাকার খামারীরা ঘাস উৎপাদনে অভাবনীয় সফলতা অর্জন করেছে। বর্তমানে উক্ত কেন্দ্রে উন্নত জাতের ১৯ টি ফডারের জাত সংরক্ষণ, উন্নয়ন ও মাল্টিপ্লিকেশন করা হয়েছে। ডেইরী উন্নয়ন গবেষণা প্রকল্পের আওতায় গাভীর জাত উন্নয়নের জন্য পূর্বের ৭০ টি গাভী ও ৭টি ষাঁড় ছাড়াও ইতিমধ্যে ১০ টি গাভী ও ৫ টি ষাঁড় ক্রয় করা হয়েছে এবং বর্তমানে বাছুরসহ মোট গরুর সংখ্যা ১৪০ টি। একটি ফিড ষ্টোর রুম সহ মোট ৭ টি সেড, একটি পানির ট্যাংক, বায়োগ্যাস প্লান্ট, সাইলো পিট ইত্যাদি নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও এলাকার দুধালো গাভীর রিপিট ব্রিডিং এবং খামারীদের উন্নত জাতের ফডার কাটিং সংরক্ষনের জন্য ফার্মারস কমিউনিটি গঠনের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। জৈব সার হিসেবে জমিতে ব্যবহারের জন্য বায়োচার (এক্টিভেটেড কার্বন) উৎপাদন পদ্ধতি (ঘাস উৎপাদনে এর ব্যবহার), বাস্তবায়ন ও সংরক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

প্রশিক্ষিত ও দক্ষ জনবলের স্বল্পতা, গবেষণাগারে আধুনিক প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং রাজস্ব খাতের বিজ্ঞানীদের সংশ্লিষ্ট বিষয়ে বৈদেশিক প্রশিক্ষনের অভাবই অত্র আঞ্চলিক কেন্দ্রের গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অন্যতম অন্তরায়। অত্র এলাকায় দুধের বাজার জাত করণে মধ্যস্বত্ব ভোগীদের দৌরাত্ম্য ও অস্থিতিশীল বাজার মূল্যের কারণে প্রান্তিক পর্যায়ের খামারীরা সঠিক মূল্য পাচ্ছেনা। এছাড়া জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় দেশীয় আবহাওয়া উপযোগী প্রাণী ও ঘাসের জাত উন্নয়ন, সংরক্ষণ ও সম্প্রসারণ; নিত্য নতুন রোগসমূহের প্রতিকার কৌশল উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করাই মূল চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

রূপকল্প ২০২০-২০৪১ ও টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে অত্র আঞ্চলিক কেন্দ্রের সমস্যা ভিত্তিক বিভিন্ন গবেষণা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এসব পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, দুধের উৎপাদন বৃদ্ধিকল্পে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও দিক নির্দেশনা মোতাবেক ডেইরী উন্নয়ন গবেষণা প্রকল্প বাস্তবায়ন করা, দেশীয় সম্পদের অধিক ব্যবহার ও দেশীয় আবহাওয়া উপযোগী গরুর জাত উদ্ভাবন করা এছাড়া, জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলা করে পরিবেশবান্ধব প্রাণিসম্পদ প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণার কার্যক্রম পরিচালনা করা অত্র কেন্দ্রের ভবিষ্যৎ পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ।

**২০২০- ২০২১ অর্থবছরের সম্ভাব্য অর্জনঃ**

- প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে ০১ টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন
- মানব সম্পদ উন্নয়নে ২২০ জন খামারী/উদ্যোক্তাদের প্রশিক্ষণ
- ৩০০ জন খামারী/উদ্যোক্তাদের পরামর্শ প্রদান
- ১০ লক্ষ ঘাসের কাটিং বিতরণ
- ৬০০ টি রোগের নমুনা পরীক্ষা
- ১৫ টি উঠান বৈঠক বাস্তবায়ন
- জার্মপ্লাজমে নতুন একটি ঘাসের জাত উন্নয়ন ও সংরক্ষণ

Shikha

# সেকশন ১

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives) এবং কার্যাবলি (Functions)

**১.১ রূপকল্প (Vision):** গবেষণার মাধ্যমে প্রাণিসম্পদের উন্নয়ন

**১.২ অভিলক্ষ্য (Mission):** প্রাণিসম্পদের উৎপাদন সমস্যা চিহ্নিতকরণ এবং জাত উদ্ভাবন, খাদ্য ও পুষ্টি, স্বাস্থ্য এবং ব্যবস্থাপনা বিষয়ে টেকসই প্রযুক্তি উদ্ভাবন ও মাঠ পর্যায়ে হস্তান্তর, আর্থ-সামাজিক মূল্যায়ন ও পরীক্ষণ, প্রাথমিক সম্প্রসারন এবং প্রযুক্তি প্রচার করা। এছাড়া প্রাণিসম্পদ উৎপাদনের ক্ষেত্রে বৈশ্বয়িক জলবায়ু পরিবর্তনজনীত অভিঘাত মোকাবেলা পূর্বক নিরাপদ প্রানিজ প্রোটিন নিশ্চিতকরন, প্রানিজ পণ্য ও উৎপাদিত পণ্যের মূল্য সংযোজন এবং বৈশ্বয়িক শিল্লায়নে সহায়তা প্রদানের মাধ্যমে প্রানিজ পুষ্টি সরবরাহ বৃদ্ধিকরন এবং সর্বোপরি স্বাবলম্বী ও মেধাসম্পন্ন জাতি গঠন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

**১.৩.১ ইনস্টিটিউটের কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives of the Institute):**

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা
২. প্রাণিসম্পদ/ঘাসের জাত সংরক্ষণ ও উন্নয়ন
৩. প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর
৪. মানবসম্পদ উন্নয়ন
৫. প্রাথমিক সম্প্রসারণ কার্যক্রম

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Compulsory Strategic Objectives):**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মান উন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন
৭. জাতীয় শুদ্ধাচার কৌশল জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions):

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম বাস্তবায়নের জন্য জাত উন্নয়ন ও সংরক্ষণ বিষয়ক গবেষণা, প্রাণিস্বাস্থ্য বিষয়ক গবেষণা এবং আর্থ-সামাজিক ও খামার ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা এই তিন টি ডিসিপ্লিনএর আওতায় গবেষণা কার্যক্রম পরিচালনা।
২. জাত উন্নয়ন ও গবেষণার নিমিত্ত প্রাণিসম্পদের জাত ও ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ।
৩. প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে টেকসই প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর।
৪. মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে খামারী/উদ্যোক্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।
৫.খামারী পর্যায়ে প্রানিসম্পদ প্রযুক্তির প্রাথমিক সম্প্রসারনের নিমিত্তে পরামর্শ সেবা-(প্রাণি পালন/পোল্ট্রি পালন/প্রাণিস্বাস্থ্য ব্যবস্থাপনা/ঘাস চাষ বিষয়ক/প্রাণি রোগের নমুনা পরীক্ষণ/প্রাণী খাদ্যের নমুনা বিশ্লেষণ/ঘাসের কাটিং প্রদান।

Shiha

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

(মোট মান: ৭৫)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight) | কার্যক্রম (Functions) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/ Criteria Value For FY 2020-21) | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ (Target 2021-22) | প্রক্ষেপণ ২০২২-২৩ (Target 2022-23) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [১] প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা | ৮ | [১.১] প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা | বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | সংখ্যা | ৮ | ৩ | ২ | ১ | - | - | - | - | ৩ | ৪ |
| [২] প্রাণিসম্পদ/ঘাসের জাত সংরক্ষণ ও উন্নয়ন | ২০ | [২.১] প্রাণিসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত প্রাণীর জাত | সংখ্যা | ১০ | ১ | ১ | ১ | - | - | - | - | ২ | ২ |
| | | [২.২] ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | সংখ্যা | ১০ | ১৮ | ১৯ | ২০ | ১৯ | ১৮ | ১৮ | ১৬ | ২১ | ২২ |
| [৩] মানবসম্পদ উন্নয়ণ | ১২ | [৩.১] খামারী/উদ্যোক্তা/ প্রশিক্ষণ | প্রশিক্ষিত খামারী/ উদ্যোক্তা | সংখ্যা | ১২ | ২০০ | ১০০ | ২২০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৩০ | ২৫০ | ৩০০ |
| [৪] প্রাথমিক সম্প্রসারণ কার্যক্রম | ৩৫ | [৪.১] পরামর্শ সেবা | পরামর্শ প্রদানকৃত খামারী/উদ্যোক্তা | সংখ্যা | ১০.০ | ৩৫০ | ২৫০ | ৩০০ | ২৮০ | ২৬০ | ২৩০ | ২০০ | ৩৫০ | ৪০০ |
| | | [৪.২] প্রাণী রোগের নমুনা পরীক্ষণ | পরীক্ষিত রোগের নমুনা | সংখ্যা | ১০.০ | ১২৯৭ | ১২১০ | ৬০০ | ৫৮০ | ৫৫০ | ৫০০ | ৪৫০ | ৬৫০ | ৭০০ |
| | | [৪.৩] ঘাসের কাটিং বিতরণ | বিতরণকৃত ঘাসের কাটিং (লক্ষ) | সংখ্যা | ১০.০ | ১০ (লক্ষ) | ১০,৫৭,৫০০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | [৪.৫ ] উঠান বৈঠক | বাস্তবায়নকৃত উঠান বৈঠক | সংখ্যা | ৫.০ | ১৫ | ১৪ | ১৫ | ১৩ | ১২ | ১১ | ১০ | ১৬ | ১৭ |
| [৫] বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা | ০ | বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালার আয়োজন | বাস্তবায়িত বার্ষিক কর্মশালা | সংখ্যা | ০ | - | - | - | - | - | - | - | - | - |



Bicha

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট নম্বর-২৫)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight) | কার্যক্রম (Functions) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/ Criteria Value For FY 2020-21) অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএর সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | - | - | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনের গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১ | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫-২-২১ | ২৫-৩-২১ | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি/ বাজেট বাস্তবায়ন) | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি)/ বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রনালয়ে প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রনালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রনালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, স্টেশন ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, শাহজাদপুর, সিরাজগঞ্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর সম্মানীয় মহাপরিচালক মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, স্টেশন ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

Shiha

.............................................. ..............................

স্টেশন ইনচার্জ — তারিখ

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, শাহজাদপুর, সিরাজগঞ্জ-৬৭৭০

২৮/০৭/২০২০

.............................................. ..............................

মহাপরিচালক — তারিখ

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা-১৩৪১

Shiha

# সংযোজনী-১

## শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| 1. | বিএলআরআই | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান<br>(Bangladesh Livestock Research Institute) |
| 2. | ToT | Training of the Trainer |

Biha

## সংযোজনী ২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয় এবং সংস্থা/বিভাগ এর পরিমাপণ পদ্ধতির বিবরণ—

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপণ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা | বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | জাত উন্নয়ন বিষয়ক গবেষণার মাধ্যমে প্রানিসম্পদের জাত উন্নয়ন করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ২. | প্রাণিসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত প্রাণীর জাত | জাত সংরক্ষণ ও গবেষণার লক্ষ্যে সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ৩. | ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | জাত সংরক্ষণ/গবেষণা/বিতরণের নিমিত্ত সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ৪. | খামারী/উদ্যোক্তা/ প্রশিক্ষণ | প্রশিক্ষিত খামারী/ উদ্যোক্তা | বিষয়ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে প্রাণিসম্পদ পালনে দক্ষ মানব সম্পদ তৈরী করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ৫. | পরামর্শ সেবা | পরামর্শ প্রদানকৃত খামারী/উদ্যোক্তা | খামার স্থাপন ও গবাদি প্রাণী/পোল্ট্রি পালন/রোগ বালাই সংক্রান্ত পরামর্শ প্রদানের মাধ্যমে খামারী/উদ্যোক্তাদের সমস্যার সমাধান করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বার্ষিক প্রতিবেদন/ প্রশিক্ষণ প্রতিবেদন | |
| ৬. | প্রাণী রোগের নমুনা পরীক্ষণ | পরীক্ষিত রোগের নমুনা | গবাদি প্রাণী/পোল্ট্রির রোগসমূহ সঠিকভাবে সনাক্ত করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বার্ষিক প্রতিবেদন/ প্রশিক্ষণ প্রতিবেদন | |
| ৭. | কর্মচারী প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষিত কর্মচারী | প্রশিক্ষণের মাধ্যমে বিএলআরআই এর উদ্ভাবিত প্রযুক্তিলব্ধ জ্ঞান কর্মকর্তা/কর্মচারী সম্প্রসারণ কর্মীদের নিকট পৌছে দেয়া | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ৮. | ঘাসের কাটিং বিতরণ | বিতরণকৃত ঘাসের কাটিং | মাঠ পর্যায়ের খামারীদের মাঝে উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণের মাধ্যমে ঘাসের উৎপাদন বৃদ্ধি করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বার্ষিক প্রতিবেদন/ রেজিষ্টার বই | |
| ৯. | উঠান বৈঠক | বাস্তবায়নকৃত উঠান বৈঠক | প্রাণিসম্পদ ও পোল্ট্রি পালন বিষয়ে খামারীদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠকের আয়োজন করা | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, বাঘাবাড়ী, সিরাজগঞ্জ | বার্ষিক প্রতিবেদন/ রেজিষ্টার বই | |



Shiha